দৈনিক সংবাদ

23

তারিখ ... 2 3 DE... 199... ...
পৃষ্ঠা 12 কলাম 7

# চট্টগ্রামে ছাত্রলীগের দুই গ্রুপে বন্দুকযুদ্ধ

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো থেকে ঃ গতকাল দুপুরে পাঁচলাইশ থানাধীন পলিটেকনিক ইন্সটিটিউট ক্যাম্পাস এলাকায় ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দুই গ্রুপের অস্ত্রধারীদের সংঘর্ষে পথচারীসহ ২০ জন আহত হয়েছে। পুলিশ ঘটনাস্থলে পৌছার পর দু'পক্ষই কলেজ সংলগ্ন পাহাড়ি এলাকায় গা ঢাকা দেয়।

বেলা দেড়টা থেকে দু'পক্ষের এই বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে। ছাত্রলীগের আবু তাহেরের সমর্থকদের উপর প্রথম হামলা হয় পলিটেকনিক কলেজের পেছনের তুলাতলী এলাকায়। এ সময় আবু তাহেরের সমর্থকরা নিরাপদ আশ্রয়ের উদ্দেশ্যে কলেজ ক্যাম্পাসে অবস্থান নিলে ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী গ্রুপের সশস্ত্র সদস্যরা পুনরায় ক্যাম্পাসে হামলা চালালে দু'পক্ষে বন্দুকযুদ্ধ শুরু হয়। প্রায় ২৫ থেকে ৩০ মিনিট উভয়পক্ষে গুলিবিনিময়ের পর পুলিশ ক্যাম্পাস এলাকা ঘেরাও করে ফেলে। এ সময় ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দু'পক্ষই ক্যাম্পাস সংলগ্ন পাহাড়ি এলাকায় গা ঢাকা দিলে পরিস্থিতি শান্ত হয়ে আসে। গুলিবিনিময় ও ককটেল নিক্ষেপে পথচারীসহ ২০ জন গুরুতর আহত হলে তাদের হাসপাতালে ভর্তি করা হয়। ক্যাম্পাস এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।